দৈনিক সংবাদ

22/11/2003

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# ছাত্রদল ও শিবিরকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে বললেন প্রধানমন্ত্রী

## ❑ পিন্টু ও বুলবুলের সাক্ষাৎ

**নিজস্ব বার্তা পরিবেশক ঃ** প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া সারাদেশে শিক্ষাঙ্গনগুলোতে সন্ত্রাসমুক্ত ও শিক্ষার অনুকূল পরিবেশ সৃষ্টি করার জন্য ঐকমত্যের ভিত্তিতে কাজ করার জন্য ছাত্রদল সভাপতি নাসিরউদ্দীন পিন্টু এবং ছাত্রশিবির সভাপতি নুরুল ইসলাম বুলবুলকে নির্দেশ দিয়েছেন।

সূত্র জানায়, গত শনিবার রাতে প্রধানমন্ত্রী ছাত্রদল ও ছাত্রশিবিরের সভাপতিকে তার কার্যালয়ে ডেকে পাঠান এবং এই নির্দেশ দেন।

প্রধানমন্ত্রী দুই সভাপতিকে বলেন, যেকোন মূল্যে শিক্ষাঙ্গনগুলোকে সন্ত্রাসমুক্ত করতে হবে। সৃষ্টি করতে হবে শিক্ষার অনুকূল পরিবেশ। এজন্য ছাত্রদল ও ছাত্রশিবিরকে সহ-অবস্থান এবং ঐকমত্যের ভিত্তিতে কাজ করতে হবে। প্রধানমন্ত্রী আরো বলেন, আওয়ামী লীগ সরকারের পরাজয়ের সবচেয়ে বড় কারণ সন্ত্রাস। আর শিক্ষা প্রতিষ্ঠানগুলো থেকেই বেশিরভাগ সন্ত্রাসের জন্ম হয়।

শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে কোন প্রকার সন্ত্রাসী কার্যকলাপ সহ্য করা হবে না বলে প্রধানমন্ত্রী তাদের জানান। তিনি বলেন, সন্ত্রাসীদের জায়গা হয় বিদেশে অথবা জেলখানায়।

তিনি বলেন, জনগণ আমাদের ভোট দিয়েছে একটি সন্ত্রাসমুক্ত সমাজব্যবস্থা গড়ে তোলার জন্য। জনগণের এই প্রত্যাশা অবশ্যই আমাদের পূরণ করতে হবে। এজন্য শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে সন্ত্রাসমুক্ত করতে হবে।

ছাত্রদল এবং শিবির সভাপতি প্রধানমন্ত্রীর এই নির্দেশ বাস্তবায়নের পূর্ণ আশ্বাস দিয়েছেন বলে জানা গেছে।

পাবনা এডওয়ার্ড কলেজ সংসদ নির্বাচনে ছাত্রদল এবং শিবির ঐকমত্যের ভিত্তিতে নির্বাচন করছে। প্রধানমন্ত্রী এতে সন্তোষ প্রকাশ করেন। আগামী মাসে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংসদ নির্বাচন হতে যাচ্ছে। এখানেও ছাত্রদল ও শিবির পদ ভাগাভাগি করবে বলে জানা গেছে।

সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে বিভিন্ন ছাত্র সংগঠনের সহ-অবস্থান ও শিক্ষার অনুকূল পরিবেশ সৃষ্টি সম্পর্কে প্রশ্ন করা হলে ছাত্রদল সভাপতি নাসির উদ্দীন পিন্টু 'সংবাদ'কে বলেন, আমরা চাই সারাদেশে একটি শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় থাকুক। এজন্য আমরা সব ধরনের পদক্ষেপ নিয়েছি। যারা ছাত্র তারা হলে থাকবে এবং রাজনীতি করবে। তা সে যে দলেরই হোক।

এ সম্পর্কে ছাত্রশিবিরের সভাপতি নুরুল ইসলাম বুলবুল বলেন, আমরা প্রধানমন্ত্রীকে আশ্বস্ত করেছি একটি সুন্দর শিক্ষার পরিবেশ সৃষ্টির জন্য। ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিবির প্রকাশ্যে রাজনীতি শুরু করবে কিনা—এ প্রশ্নের জবাবে শিবির সভাপতি 'সংবাদ'কে বলেন, আমরা সব সময় সহ-অবস্থানের রাজনীতিতে বিশ্বাস করি। দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে সকল দলের সহ-অবস্থান নিশ্চিত হোক এটাই আমরা চাই। এ ক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয়কে আলাদা করে দেখার সুযোগ নেই। তিনি আরো বলেন, আমার সংগঠনের কর্মীরা যদি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র হয়ে থাকে তাহলে কেন তারা তাদের কথা বলতে পারবে না। এটা তাদের অধিকার।